



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nuadmission.info

পরিচালকের কার্যালয়

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

Mail: pr@nu.edu.bd

তারিখ : ২৪-০১-২০১৮

সংবাদ বিজ্ঞপ্তি

## শিক্ষা সমাবেশ উপলক্ষে এন.ইউ-তে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত

আগামী ৪ঠা ফেব্রুয়ারি ২০১৮, রোববার সকাল ১০:০০টায় দেশব্যাপী জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল অধিভুক্ত কলেজের অধ্যক্ষদের উপস্থিতিতে আগারগাঁও, ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ‘শিক্ষা নিয়ে গড়ব দেশ’ এ স্লোগান নিয়ে ‘শিক্ষা সমাবেশ’-২০১৮ নামে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এ উপলক্ষে আজ (২৪/০১/২০১৮) বুধবার সকাল ১১:০০ টায় গাজীপুরস্থ জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ভিসি মহোদয়ের সভাপতিত্বে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সাংবাদিকদের উদ্দেশ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন, শিক্ষা সমাবেশে মাননীয় প্রধানমন্ত্রী ১০টি স্থাপনা ও ১টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও শুভ উদ্বোধন এবং ২০১৬ সালের কলেজ পারফরমেন্স র্যাংকিং এ নির্বাচিত সেরা ৭টি কলেজকে সম্মাননা স্মারক ও পুরস্কার প্রদান করবেন। স্থাপনা ও প্রকল্পসমূহ- (১) মুক্তিযুদ্ধ বঙ্গবন্ধু ও বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট, ধানমন্ডি (২) ‘স্বাধীনতা’ ম্যুরাল ১৯৫২-১৯৭১ (৩) ১৪-তলা ডরমিটরি ভবন (৪) ৭-তলা আইসিটি ভবন (৫) ৬-তলা সিনেট ভবন (৬) ১০-তলা কর্মকর্তা ভবন (৭) ১০-তলা কর্মচারী ভবন (৮) বরিশাল আঞ্চলিক কেন্দ্র (১০-তলা ভবন) (৯) রংপুর আঞ্চলিক কেন্দ্র (১০-তলা ভবন) (১০) চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র (১০-তলা ভবন) (১১) কলেজ শিক্ষা উন্নয়ন প্রকল্প (CEDP)-বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে (১০৪০ কোটি টাকা)।

পারফরমেন্স র্যাংকিং-এ পুরস্কার ও সম্মাননার জন্য নির্বাচিত ৭টি কলেজ হলো- (১) রাজশাহী কলেজ (স্কোর ৬৮.১৬) (২) সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা (স্কোর ৬৪.৩২) (৩) সরকারি কারমাইকেল কলেজ, রংপুর (স্কোর ৬৪.০৫) (৪) সরকারি ব্রজমোহন (বিএম) কলেজ, বরিশাল (স্কোর ৬৩.৯৩) (৫) সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া (স্কোর ৬৩.৭০) (৬) ঢাকা কমার্স কলেজ, ঢাকা (স্কোর ৬৩.২৮) (৭) সিদ্দেখরী গার্লস কলেজ, ঢাকা (স্কোর ৬০.৮১)।

তিনি আরো বলেন, শিক্ষা সমাবেশে যোগদানের জন্য সারাদেশ থেকে ২০৪০ (দুই হাজার চল্লিশ) জন কলেজ অধ্যক্ষ নাম নিবন্ধন করে রছেন। অনুষ্ঠানে মন্ত্রিসভার মাননীয় সদস্য, সম্মানিত সংসদ সদস্য, শিক্ষাবিদ, সাংবাদিক, দেশের বিশিষ্ট নাগরিকসহ আরো ১৫০ জন অতিথি আমন্ত্রিত হয়ে উপস্থিত থাকবেন।

এ সংবাদ সম্মেলনে প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু, প্রফেসর ড. মোঃ মশিউর রহমান, ট্রেজারার প্রফেসর নোমান উর রশীদ, রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসেন, ডিন স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন, কলেজ পরিদর্শক ড. মোঃ মনিরুজ্জামান, বিভিন্ন দফতরের পরিচালকগণ উপস্থিত ছিলেন।



জাতীয় বিশ্ববিদ্যালয়  
গাজীপুর, বাংলাদেশ  
ওয়েবসাইট: www.nuadmission.info

পরিচালকের কার্যালয়  
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর  
ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০  
Mail: pr@nu.edu.bd



(মোঃ ফয়জুল করিম)  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর  
জাতীয় বিশ্ববিদ্যালয়